

১ম আন্তঃসেমিস্টার বিতর্ক প্রতিযোগিতা ২০২০ এর উদ্বোধন



সমাজকর্ম বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সোশ্যাল ওয়ার্ক ডিবেটিং ক্লাবের আয়োজনে “ যুক্তির আলোয় সন্ধি, যুক্তিহীন প্রাণ বন্ধী” স্লোগানকে সামনে রেখে ১ম আন্তঃসেমিস্টার বিতর্ক প্রতিযোগিতা ২০২০ এর উদ্বোধন অনুষ্ঠান ১৮ ফেব্রুয়ারি ২০২০-মঙ্গলবার বিভাগীয় কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

সমাজকর্ম বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ আনোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. এস. এম. আনোয়ারা বেগম। এসময় শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন সোশ্যাল ওয়ার্ক এসোসিয়েশনের মডারেটর জনাব মিফতাহুল বারী, সোশ্যাল ওয়ার্ক ডিবেটিং ক্লাবের মডারেটর জনাব মোঃ মামুনুর রশীদ শেখ এবং জগন্নাথ

বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির সভাপতি জনাব জুনায়েদ হোসাইন। এসময় বিভাগের অন্যান্য শিক্ষক-শিক্ষিকা এবং শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য ২দিন ব্যাপী উক্ত প্রতিযোগিতায় সমাজকর্ম বিভাগের ১২ টি দল অংশগ্রহন করবে।